**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 07-05-2026**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**India and Vietnam agreement:**

ভারত ও ভিয়েতনাম ২০৩০এর মধ্যে ২৫ বিলিয়ন ডলারের একটি নতুন বাণিজ্য লক্ষ্যমাত্রায় সম্মত হয়েছে এবং দ্বিপাক্ষিক বাণিজ্য, বিনিয়োগ ও প্রযুক্তিগত অংশীদারিত্ব বৃদ্ধির জন্য সরকারী ও ব্যবসাগত পর্যায়ে সহযোগিতা জোরদার করতে চাইছে। ভারত ও ভিয়েতনামের মধ্যে ব্যাপক কৌশলগত অংশীদারিত্ব নিয়ে গতকাল যৌথ বিবৃতিতে বলা হয়েছে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং ভারত সফররত ভিয়েতনামের রাষ্ট্রপতি তো লাম ভারসাম্যপূর্ণ ও পারস্পরিক লাভজনক উপায়ে দ্বিপাক্ষিক বাণিজ্য আরও বাড়ানোর প্রয়োজনীয়তার ওপর জোর দিয়েছেন। উভয় নেতা দ্বিপাক্ষিক সম্পর্কের সমগ্র পরিসর পর্যালোচনা করেছেন এবং পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট আঞ্চলিক ও আন্তর্জাতিক বিষয়ে মতবিনিময় করেছেন। পরিবর্ত-মান ভূ-রাজনৈতিক ও অর্থনৈতিক প্রেক্ষাপটে এই অঞ্চল ও এর বাইরে শান্তি, স্থিতিশীলতা, সহযোগিতা এবং সমৃদ্ধিকে ভিত্তি করে আন্তর্জাতিক আইনের ওপর প্রতিষ্ঠিত শৃঙ্খলা এগিয়ে নিতে ভারত ও ভিয়েতনামের মধ্যে ক্রমবর্ধমান কৌশলগত ঐক্যের ওপর তাঁরা গুরুত্বারোপ করেছেন।

**********************

**India to host 1st IBCA Summit:**

কেন্দ্রীয় পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী ভূপেন্দ্র যাদব নয়াদিল্লিতে প্রথম আন্তর্জাতিক বিগ ক্যাট অ্যালায়েন্স (আইবিসিএ) শীর্ষ সম্মেলন ২০২৬-এর ওয়েবসাইট এবং লোগো উন্মোচন করেছেন। গতকালের এই অনুষ্ঠানে তিনি

শীর্ষ সম্মেলনটির উপর একটি প্রচারমূলক চলচ্চিত্রও প্রকাশ করেন। অনুষ্ঠানে শ্রী যাদব বলেন, বিশ্বের প্রতীকী বড় বিড়াল বা বাঘ প্রজাতির সংরক্ষণের জন্য নিবেদিত যুগান্তকারী আন্তর্জাতিক শীর্ষ সম্মেলন এক গুরুত্বপূর্ণ মাইলফলক। তিনি জানান, ভারত চলতি বছর ১লা জুন নয়াদিল্লিতে সদস্য ও পর্যবেক্ষক দেশগুলোর রাষ্ট্রপ্রধান এবং সরকার প্রধানদের অংশগ্রহনে প্রথম আইবিসিএ শীর্ষ সম্মেলনের আয়োজন করবে ।

********************

**Training for Scientists and academicians:**

কেন্দ্রীয় বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী জিতেন্দ্র সিং বলেছেন, ভারত এক গুরুত্বপূর্ণ সন্ধিক্ষণে দাঁড়িয়ে আছে, যেখানে তার বৈজ্ঞানিক পরিমণ্ডল মহাকাশ গবেষণা ও টিকা উদ্ভাবন থেকে শুরু করে কোয়ান্টাম প্রযুক্তি ও গভীর সমুদ্র অভিযান পর্যন্ত বিভিন্ন ক্ষেত্রে বিশ্বব্যাপী অবদান রাখছে। নয়া দিল্লিতে প্রথম ইন্ডিয়ান ন্যাশনাল সায়েন্স একাডেমি এবং ক্যাপাসিটি বিল্ডিং কমিশনের প্রশাসনিক প্রশিক্ষণ কর্মসূচির সমাপনী অধিবেশনে গতকাল তিনি এই কথা বলেন।অনুষ্ঠানে, প্রশাসন ও শাসনব্যবস্থার উপর আনুষ্ঠানিক প্রশিক্ষণ কোর্স সম্পন্নকারী বিজ্ঞানী ও শিক্ষাবিদদের প্রথম ব্যাচকে সনদপত্র ও প্রশংসাপত্রও প্রদান করেন কেন্দ্রীয় মন্ত্রী।

******************

## TTAADC-Oath Taking :

ত্রিপুরা উপজাতি এলাকা স্বশাসিত জেলা পরিষদের মুখ্য কার্যনির্বাহী সদস্য হিসেবে রুনিয়েল দেববর্মা গতকাল শপথ গ্রহণ করেছেন। তাছাড়া কার্যনির্বাহী সদস্য হিসাবে শপথ নিয়েছেন সি কে জমাতিয়া। রাজ্যের আইন সচিব শংকরী দাস এডিসি সদর দপ্তর খুমুলুঙের নুয়াই অডিটোরিয়ামে আনুষ্ঠানিকভাবে তাঁদের শপথ বাক্য পাঠ করান। অনুষ্ঠান পরিচালনায় ছিলেন পরিষদের মুখ্য নির্বাহী অফিসার রাভেল হেমেন্দ্রকুমার।

*******************

**Mukhyamantri Samipeshu :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্য সরকার রেফারেল হাসপাতালগুলিতে অত্যাধুনিক চিকিৎসা পরিকাঠামোর ব্যবস্থা করে রাজ্যেই উন্নত চিকিৎসা পরিষেবা মানুষের কাছে পৌঁছে দিয়েছে। গতকাল আগরতলায় মুখ্যমন্ত্রী সমীপেষুর ৬৫তম পর্বে চিকিৎসা সংক্রান্ত ও অন্যান্য সহায়তার জন্য আগত মানুষদের আশ্বস্ত করে তিনি একথা বলেছেন। তিনি বলেন, রাজ্য সরকারের লক্ষ্য রাজ্যবাসীকে সুস্থ রাখা এবং চিকিৎসার জন্য যেন ব্যক্তিগতভাবে বেশি টাকা ব্যয় করতে না হয় তার ব্যবস্থা করা। সেইজন্য বর্তমানে রাজ্যেই কিডনি প্রতিস্থাপন সহ নানা জটিল অপারেশন সাফল্যের সাথে করা সম্ভব হচ্ছে।

**********************

**CM-Training Camp :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, সমাজের অন্তিম স্তরের মানুষের কাছে রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রকল্পের সুবিধা পৌঁছে দেবার লক্ষ্যে কাজ করছে রাজ্য সরকার। গতকাল আগরতলায় প্রদেশ বিজেপি কার্যালয়ে পন্ডিত দীনদয়াল উপাধ্যায় প্রশিক্ষণ মহাঅভিযান কর্মসূচিতে মন্ডল প্রশিক্ষকদের প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন করে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন, সরকারের বিভিন্ন প্রকল্প সম্পর্কে সাধারণ মানুষকে সচেতন করতে এবং সঠিকভাবে সুবিধা পৌঁছে দিতে দলের কর্মীদের গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে।

*****************

**Child-Adhaar Registration :**

আগরতলার আই.জি.এম হাসপাতালে ৫ বছর বয়স পর্যন্ত শিশুদের জন্য গতকাল থেকে চাইল্ড এনরোলমেন্ট লাইট ক্লায়েন্ট কিটের মাধ্যমে আধার নিবন্ধন কর্মসূচি শুরু হয়েছে| উদ্বোধন করেন স্বাস্থ্য অধিকর্তা ডাঃ দেবশ্রী দেববর্মা। তিনি বলেন, শিশুদের ডিজিটাল পরিচয় নিশ্চিত করতে এই উদ্যোগ একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ পদক্ষেপ। হাসপাতাল থেকেই শিশুদের আধার নিবন্ধনের সুবিধা চালু হওয়ায় সাধারণ মানুষের ভোগান্তি কমবে এবং নবজাতক ও শিশুদের দ্রুত সরকারি পরিষেবার আওতায় আনা সম্ভব হবে।

********************

**PMAY-G :**

খোয়াই জেলার জেলা শাসক রজত পান্থ্ এর পৌরোহিত্যে আয়োজিত এক বৈঠকে জেলার ৬টি ব্লক এলাকায় ভি-বি জি-রাম-জি এবং পি এম এ ওয়াই গ্রামীন এই দুটি প্রকল্পের বাস্তবায়ন নিয়ে বিস্তারিত আলোচনা হয়| জেলাশাসক জানান, গ্রামীণ এলাকায় এই দুটি প্রকল্পের মাধ্যমে কর্মসংস্থান বাড়ানোর জন্য বৈঠকে গুরুত্ব দেওয়া হয়|

********************

**PM Viswakarma :**

পি.এম বিশ্বকর্মা যোজনার অন্তর্গত শিল্পী ও কারিগরদের পেশাগত উৎকর্ষ বৃদ্ধি ও আর্থিক উন্নতির জন্য কৃত্রিম বুদ্ধিমত্তা বা A.I এর প্রশিক্ষণ কর্মশালা গতকাল থেকে ঊনকোটি জেলা সদর কৈলাশহরে শুরু হয়েছে। জেলায় এখন পর্যন্ত ৩ হাজার ১৩১ জন পরম্পরাগত শিল্পী ও কারিগর এই যোজনার আওতায় এসেছেন। এরমধ্যে ২ হাজার ৪৩৮ জনকে দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

********************

**Mayor-City Hospital :**

মেয়র দীপক মজুমদার বলেছেন, আগরতলার জেকশন গেইটে খুব শীঘ্রই ৫0 শয্যার সিটি হাসপাতাল চালু হবে| তিনি গতকাল এই হাসপাতালের কাজের অগ্রগতি খতিয়ে দেখেন|

********************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় আকাশ সাধারনত মেঘলা থাকবে৷রাজ্যের বিভিন্ন জেলার দু-একটি জায়গাতে ঘন্টায় ৪0 থেকে ৫0 কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া এবং বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টির সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৩.৪ ডিগ্রি সেলসিয়াস।পরিমাপযোগ্য বৃষ্টিপাত ২৯.৮ মিলিমিটার৷

********************

***************